

মহেশকোনা স্কুলের ছাদে ও বিমে ফাটল

■ নেত্রকোনা প্রতিনিধি

নেত্রকোনা সদর উপজেলার মহেশকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পুরাতন ভবনের ছাদে ও বিমে ফাটল দেখা দিয়েছে। স্বীকৃতিপূর্ণ ভরনে চলছে পাঠদান। বিম বা ছাদের যে কোনো অংশ যে কোনো সময় ধসে পড়ার আশঙ্কা রয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইফুল ইসলাম জানান, বিদ্যালয় ভবনের করুণ দশার চিত্র ভুলে ধরে কর্তৃপক্ষের নিকট বার বার লেখা হলও কোনো কাজ হচ্ছে না। বিদ্যালয়ের এসএমসির সভাপতি সদরুল আমিন বলেন, অবিলম্বে বিদ্যালয়টি সংস্কার করা না হলে যে কোনো সময় ছাদ ধসে পড়ে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।